

# জনসন অ্যান্ড জনসন ভ্যাকসিন সম্পর্কে প্রচলিত জনশ্রুতি

নতুন COVID-19 ভ্যাকসিনটি সম্পর্কে অনেক জনশ্রুতি আছে। আপনি যাতে আপনার স্বাস্থ্য সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারেন, তাই CHN-এ আমরা এই ভ্যাকসিনটি সম্পর্কে আসল তথ্য প্রদান করব।

“আমি শুনেছি COVID-19 ভ্যাকসিনটি নিলে আমার COVID-19 হবে। এটি কি সত্যি?”

এই ভ্যাকসিনটি থেকে আপনার COVID-19 হবে না। এই ভ্যাকসিনটিতে COVID-19 ঘটায় এমন জীবন্ত ভাইরাস ব্যবহার করা হয় না। এর পরিবর্তে, ভ্যাকসিনটি COVID-19 ভাইরাস দ্বারা সংক্রমণ হলে তার সাথে কীভাবে লড়াইতে হবে তা আপনার শরীরকে শেখায়। ভ্যাকসিন নেয়ার পর আপনার স্বর আসার মতো উপসর্গ দেখা দিতে পারে। এটি আপনার শরীর CO-

“এই ভ্যাকসিনের ফলে কি আমার COVID-19 পরীক্ষার ফল পজিটিভ আসবে?”

না, এই ভ্যাকসিনের ফলে আপনার COVID-19 পরীক্ষা পজিটিভ হবে না। পরীক্ষার ফলাফল পজিটিভ মানে আপনি বর্তমানে COVID-19 এ আক্রান্ত।

“ইতিমধ্যেই আমার COVID-19 হয়েছিল। তাহলেও কী আমাকে ভ্যাকসিন নিতে হবে?”

যদি আগে আপনার COVID-19 হয়ে থাকে, তাহলেও বিশেষজ্ঞরা ভ্যাকসিন নেয়ার পরামর্শ দিতে পারেন। COVID-19 হওয়ার পর, ভাইরাসটির বিরুদ্ধে আপনার শরীর স্বাভাবিকভাবেই কিছু সুরক্ষা তৈরি করতে পারে। যেহেতু আমরা জানি না এই সুরক্ষা কতদিন থাকবে, তাই আপনার আবার অসুস্থ হওয়ার সম্ভাবনা আছে। আরো সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল ভ্যাকসিন

“আমি শুনেছি COVID-19 ভ্যাকসিনে নাকি মাইক্রোচিপ আছে। এটি কি সত্যি?”

এটি সত্যি নয়। এই মিথ্যা গুজবটি অতিমারীর সময়কাল থেকে ছড়াচ্ছে। বিশ্বস্ত সূত্র, যেমন CDC এর থেকে আপনার তথ্য পাওয়া গুরুত্বপূর্ণ। এই ভ্যাকসিনটি সম্পর্কে শুনেছেন এমন কিছু নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি CHN ডাক্তার বা নার্সকেও জিজ্ঞাসা করতে

ভ্যাকসিন নিয়ে আপনার আরো বেশি প্রশ্ন থাকলে CHN ডাক্তার বা নার্সের সাথে কথা বলতে পারেন!



সকলের জন্য স্বাস্থ্যসেবা। 866.246.8259

